# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**

**ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট**

এফআইডি সার্কুলার লেটার নং-০১

০৫ জানুয়ারি ২০২২
তারিখ:-------------------
২১ পৌষ ১৪২৮

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

"১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম"।

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। কোভিড-১৯ উত্তর অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনাকরতঃ স্কিমটির আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহের ঝুঁকির মাত্রা হ্রাস ও অভীষ্ট গ্রাহকদের ঋণ অধিগম্যতা বৃদ্ধিকল্পে উক্ত সার্কুলারের ৩.৯(খ) অনুচ্ছেদটি নিম্নরূপ হিসেবে প্রতিস্থাপন করা হলো:

"২৫ হাজার টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় বর্ণিত স্কিমের আওতায় প্রদেয়/প্রদত্ত ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে।"

৩। এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রুহুল আমিন)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩৪৩
ইমেইল: amin.ruhul@bb.org.bd